

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
www.unochuadanga.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.১৮২৩.০০০.৭২.০০৫.২০২০- ৩৭৩

তারিখঃ ২৫/০৩/২০২০ খ্রিস্টাব্দ।


গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলার লক্ষ্যে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত অর্থাৎ ২৫/০৩/২০২০ খ্রিস্টাব্দ তারিখ হতে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি যেমন -চাল, ডাল, কীচা বাজার, ঔষধ, খাবারের দোকান ব্যতিত সকল প্রকার দোকান, শোরুম, চায়ের দোকান প্রভৃতি যে সকল স্থানে গণজমায়েতের সম্ভাবনা আছে সে সকল দোকান পাট বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হলো। জরুরি প্রয়োজন ব্যতীত বাড়ির বাহিরে আসা-যাওয়া এবং বাহিরে অবস্থান না করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া দোকানদারগণকে জানানো যাচ্ছে যে, ক্রয়কৃত মালামালের ভাউচার সংরক্ষণ করতে হবে এবং মূল্য তালিকা দোকানে টাংগিয়ে প্রদর্শন করতে হবে।

বিদেশ থেকে আগত ব্যক্তি ১৪ দিন কেউ হোম কোয়ারেন্টান অর্থাৎ ঘরে আলাদাভাবে অবস্থান না করলে উপজেলা প্রশাসন, সেনাবাহিনী, পুলিশ, র‍্যাভ এর সহযোগিতায় তাদেরকে আটক করে বাধ্যতামূলক প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টানে রাখা হবে।

তাছাড়া এ উপজেলার সকল এনজিও প্রতিনিধিদের জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ক্ষুদ্র ঋণের কিস্তি আগামী ৩০ এপ্রিল, ২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত বন্ধ রাখতে হবে।

এ সকল বিষয়ের ব্যত্যয় পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



মুহাম্মদ সাদিকুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার

ও

নির্বাহী ম্যাজিস্ট্রেট
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

প্রাপক :

১। চেয়ারম্যান (সকল), ইউপি, চুয়াডাঙ্গা সদর। উক্ত গণবিজ্ঞপ্তিটি প্রতিদিন মাইকিং এর মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

২। অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা।